দৈনিক ইনকিলাব

তারিখ 18 JAN 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

## শিক্ষাঙ্গন

### মহিলা মাদ্রাসার শিক্ষকদেরকে বাঁচতে দিন

ইসলামী জনকল্যাণ মিশন মহিলা মাদ্রাসা লক্ষ্মীপুর পৌরসভার ১নং ওয়ার্ডের অন্তর্গত একটি বহুমখী ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান, গত ১৯৮৭-৮৮ সাল থেকে এলাকার জনসাধারণের সহযোগিতা ও বিশিষ্ট সমাজসেবক জনাব আলহাজ্জ মুহাম্মদ রুহুল আমিনের বিশেষ সহযোগিতায় প্রতিষ্ঠা হয়ে এ যাবত চলে আসছে। বর্তমানে (১০০×১০) হাত মাদ্রাসার কাঁচা টিনের ঘরটি জরুরীভাবে সংস্কারের প্রয়োজন, অন্যদিকে উক্ত মাদ্রাসার ১৪ জন শিক্ষক এখন পর্যন্ত সরকারী বেতন ভাতা হতে বঞ্চিত। যদিও গত ১৯৮৮ সাল থেকে বোর্ড কর্তৃক (দাখিল) মহিলা মাদ্রাসা হিসেবে মঞ্জুরীপ্রাপ্ত এবং প্রতি বছরই কেন্দ্রীয় পরীক্ষাগুলোতে ছাত্রীগণ যথাক্রমে ১০০%, ১০০%, ৯০%-তে পাস করে বের হয়ে যাচ্ছে। শিক্ষকগণ বেতন না পাওয়ার কারণে অর্ধাহারে অনাহার থেকে মৃত্যুর অপেক্ষায় আছেন। তাঁরা আজও জানেন না যে, কবে কখন সরকারী অনুদান পাবেন।

অতএব সরকারের কাছে আমাদের আকুল আবেদন এই যে, ইসলামী জনকল্যাণ মিশন মহিলা মাদ্রাসা নানাবিধ সমস্যা ও শিক্ষকগণের বেতন ভাতা প্রদানে শিক্ষকগণকে নির্মম আর্থিক সংকট হতে বাঁচান এবং নারী সম্প্রদায়কে ইসলামী শিক্ষায় শিক্ষিত করার জন্য এগিয়ে আসুন।

মিসেস মাজেদা বেগম।